মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নবনির্বাচিত কমিটির সদস্যদের শপথ

মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নবনির্বাচিত কমিটির সদস্যদের শপথ গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালে জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কার্যালয়ে তাদের শপথ অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি আনছার উদ্দিন বেলালী সদস্যদের শপথ বাক্য পাঠ করান।

জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নবনির্বাচিত সভাপতি নুরুল ইসলাম, সহ-সভাপতি হাজী মো: মোয়াজ্জেম হোসেন, মহিবুল ইসলাম, সাধারণ সম্পাদক মো: মোয়াজ্জেম হোসেন, যুগ্ম সম্পাদক হায়দার আলী খান, কোষাধ্যক্ষ আব্দুর রহমান, যুগ্ম কোষাধক্ষ্য হিসাব উদ্দিন, নির্বাহী সদস্য আলী আফজাল, নূর মোহাম্মদ, আতিয়ার রহমান, ইব্রাহিম শেখ, মোহন, সালেহা, আব্দুস সাত্তার, জিন্নাত আলী, শাহাবুদ্দীন ও শহীদ উল ইসলাম শপথ গ্রহণ করেন।

পরে সেখানে দোয়া অনুষ্ঠিত হয়। শপথ গ্রহন অনুষ্ঠানে বক্তব্য দেন জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সহ-সভাপতি হাজী মো: মোয়াজ্জেম হোসেন, মহিবুল ইসলাম, যুগ্ম সম্পাদক হায়দার আলী খান।

মেপ্র/আরপি

মেহেরপুরে হেরোইনসহ আটক ১

মেহেরপুরে ২ গ্রাম হেরোইন সহ আল মামুন নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গোরস্থান এলাকা থেকে তাকে আটক করা হয়।

আটক আল মামুন সদর উপজেলার রাজাপুর গ্রামের আনোয়ার হোসেনের ছেলে৷

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, রবিবার বিকালে মেহেরপুর সদর উপজেলার গ্রামের গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করা হয়।

পরে তাকে তার কাছ থেকে দুই গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

এ বিষয়ে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে৷

মেপ্র/এমএফআর

সরকারী অর্থায়নে সম্পূর্ণ বিনামূল্যে ফ্রীল্যান্সিং ট্রেনিং

বর্তমান সরকার দেশকে তথ্য প্রযুক্তির মাধ্যমে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বিভিন্নভাবে কাজ করে চলছে। এরই ধারাবাহিকতায় সরকারের আইসিটি ডিভিশনের আয়োজনে ‘লার্নিং এন্ড আর্নিং ডেভলপমেন্ট প্রজেক্ট’ চালু হয়েছে।

এই প্রজেক্ট এর আওতায় মেহেরপুর জেলায় ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট, গ্রাফিক্স ডিজাইন এবং ডিজিটাল মার্কেটিং কোর্সের রেজিস্ট্রেশন চলছে।

আমাদের দেশের তরুণ সম্প্রদায়কে আউটসোর্সিং বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করে মানবসম্পদে রুপান্তর করাই ৫০ দিনব্যাপি এই প্রকল্পের মূল উদ্দেশ্য।

এই লক্ষ্যে একযোগে দেশব্যাপী প্রশিক্ষণার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন ও প্রশিক্ষণার্থী নির্বাচনের জন্য পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে।

অনলাইন রেজিস্ট্রেশন এর জন্য লিংক: http://ledp.ictd.gov.bd/registration

সড়ক দুর্ঘটনায় আক্তারুলের মৃত্যু নাকি পরিকল্পিত হত্যা

কাছে ছিল দইয়ের ভাড়, সেটি ভাঙেনি, অক্ষত ছিল মিষ্টির প্যাকেট ও মাছের ব্যাগও। কিন্তু এই সামগ্রি গুলোর মালিক আক্তারুল ইসলাম সড়ক দুর্ঘটনায় মাথা থেতলিয়ে মারা গেলেন। আক্তারুলের দুই সহযাত্রীও অক্ষত ছিলেন। ঘটনার পর থেকে তারাও আত্মগোপনে ছিলেন তাদের বহনকারী গম মাড়াইকরা হুপার নিয়ে।

এ ধরণের একটি ঘটনা পাঠকদের মনে নানা প্রশ্ন তৈরি করবে? পাঠকরা ভালভাবে উপলব্ধি করার চেষ্টা করবেন এটি নিছকই দুর্ঘটনা নাকি হত্যা?

পুলিশ এটিকে সড়ক দুর্ঘটনা বলে তদন্ত প্রতিবেদন জমা দিলেও নিহতের পরিবারের পক্ষ থেকে সিআইডিকে পুন:তদন্ত দেওয়ার দাবি করে আদালতে আবেদন করা হয়েছে।

নিহতের পরিবারের সদস্যদের অভিযোগ, আক্তারুলের দুই সহযাত্রী কামাল হোসেন ও বাহারুল ইসলাম পরিকল্পিতভাবে তাকে ধাক্কা দিয়ে গম মাড়াইকরা হপারের নিচে ফেলে দিয়েছে। আর হপারের চাকার নিচে মাথা পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছে।
ঘটনার বিবরণে জানা গেছে, ২০১৯ সালের ৫ অক্টোবর ঘটনাটি ঘটে

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বাওট গ্রামের আব্দুল গনি ডিগ্রী কলেজের কাছে। সে সময় অজ্ঞাত ট্রাকের ধাক্কায় আক্তারুলের মৃত্যু হয় বলে প্রচার করা হয় বিভিন্ন পত্র-পত্রিকা সহ সামাজিক যোগাযোগ মাধ্যমে। এ বিষয়ে একটি মামলাও হয় অজ্ঞাত ট্রাক চালকের বিরুদ্ধে।

ঘটনার ৪ মাসের মাথায় বেরিয়ে আসলো চাঞ্চল্যকর তথ্য। ট্রাকের ধাক্কায় না চড়ে থাকা হপারের নিচে পড়ে তার মৃত্যু হয়। সেসময় ঘটনা ধামাচাপা দিয়ে ফেলে সাথে থাকা কামাল ও বাহার নামের দুইজন।

নিহতের পরিবারের দাবি সাথে থাকা দুইজন কামাল ও বাহার পরিকল্পিতভাবে তাকে ধাক্কা দিয়ে ফেলে হত্যা করেছে। এ নিয়ে এলাকায় সালিস বৈঠক হলে সেখানে কামাল ও বাহারের কথায় সন্দেহ আরো ঘনিভূত হয়।

পরিবারের একমাত্র উপার্জনক্ষম মানুষকে হারিয়ে তিন সন্তান নিয়ে মানবেতর জীবন যাপন করছে মৃত আক্তারুলের স্ত্রী সাহিনা খাতুন। এই সুযোগটি কাজে লাগানোর জন্য কামাল সাহিনাকে ৬০ হাজার টাকা নিয়ে বিষয়টি চেপে যাওয়ার কথাও বলে।

গাংনীর হিজলবাড়ীয়ার গ্রামের আক্তারুল ইসলাম এর স্ত্রী সাহিনা খাতুন বলেন, গত বছরের ৫ অক্টোবর হিজলবাড়ীয়া গ্রামের আশরাফুল ইসলামের ছেলে কামাল ও গোপালপুর গ্রামের মৃত ইসলামের ছেলে বাহার আলী আমার স্বামী আক্তারুলকে সাথে নিয়ে সিরাজগজ জেলার তালাশ নামক এলাকায় যায় গম মাড়াই হপার মেশিন কেনার জন্য। মেশিন কিনে ফিরে আসার সময় গাংনী উপজেলা বাওট গ্রামের আব্দুল গনি ডিগ্রী কলেজের কাছে হপার গাড়ী থেকে ধাক্কা দিয়ে ফেলে মেরে ফেলে। পরে তার লাশ ফেলে হপার গাড়ী নিয়ে পালিয়ে কামাল ও বাহার। আমি ফেসবুক ব্যবহার কারী দের মাধ্যমে জানিতে পারি যে আমার স্বামীর লাশ বাওট গ্রামের আব্দুল গনি ডিগ্রী কলেজের কাছে পড়ে আছে। পরে গাংনী থানা পুলিশ লাশ উদ্ধার করে মেহেরপুর মর্গে পাঠায়।

সাহিনা খাতুন আরো জানান, আমার স্বামীর লাশ ফেলে রেখে কামাল হোসেন ও বাহার আলী রক্তাক্ত হপার গাড়ী নিয়ে পালিয়ে জোড়পুকুরে এক আত্মীয়র বাড়ি যায়। সেখানে গাড়ীতে রক্ত দাগ দেখে বাড়ীর মালিক তাদের চলে যেতে বলে। সেখান থেকে ফিরে ভোমরদা গ্রামের কামাল হোসেনের দুসম্পর্কের এক ভাইরার বাড়িতে চার দিন অবস্থান করে।

ঘটনার চার দিনের মাথায় আমার স্বামীর মৃত্যুর জন্য দোয়ার আয়োজনের প্রস্তুতি নিচ্ছিলাম। এমন সময় সংবাদ পেলাম আমার স্বামীর

মৃত্যু বিষয়ে আশমত আলীর বাড়িতে সালিশ হচ্ছে। সেখানে আমি উপস্থিত হই এসময় কামাল জনরোসে পড়ে স্বীকার করে আক্তার তাদের হপার গাড়ির নিচে পড়ে মারা গেছে।

পরে কামাল আমার বাড়িতে এসে আমাকে ৬০ হাজার টাকা দিতে যায়। কিন্তু সে টাকা আমি ফেরত দিই।

এরই মধ্যে কামাল ও বাহার পুলিশ প্রশাসন ম্যানেজ করে হত্যাকে আত্মহত্যা বলে কাগজপত্রে আমাদের সাক্ষর করে নেই।

নিহতের বড় ছেলে শাকিল হোসেন বলেন, আমাকে পুলিশের মাধ্যমে থানায় নেওয়া হয়। পরে একটি কাগজে সাক্ষর করতে বলে। আমি না বুঝে সাক্ষর করে দিই। পরে আমরা আসল ঘটনা জানতে পেরে আদালতের মাধ্যমে ঘটনার তদন্ত দাবি করেছি।
এদিকে অভিযুক্ত কামাল হোসেনের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, আমরা ৩ জন একই গাড়ীতে ছিলাম। কিন্ত আক্তার কে ট্রাকে ধাক্কা মারে ।এসময় সে নিচে পড়ে গিয়ে তার মাথার উপর দিয়ে চাকা চলে যায়।

তবে বাহার আলী এই বিষয়ে কথা বলতে রাজি হননি।

মামালার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এসআই মকবুল হোসেন জানান, আমাদের কাছে অভিযোগ এসেছিল অজ্ঞাত ট্রাকের বিরুদ্ধে। আমি সে মোতাবেক তদন্ত করেছি। বিভিন্ন সিসি টিভি ফুটেজসহ স্থানীয় বেশ কিছু সাক্ষিদের সাক্ষ্য গ্রহন করে তদন্ত রিপোর্ট দাখিল করি। এখন যে বিষটি উঠে আসছে সে বিষয়ে আমার কোন কিছু জানা নেই।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান জানান, আক্তারুল ইসলামের মৃত্যু ট্রাকের ধাক্কাতেই হয়। নিহতের পরিবার থেকে যে অভিযোগ করা হয়েছে তা ঠিক নয়।

গাংনীর নাজমুলের সেরা

সাংবাদিকতা সম্মাননা পুরুষ্কার লাভ

ঢাকা আহ্ছানিয়া মিশন মাদক নিয়ন্ত্রণ সাংবাদিকতা পুরস্কার পেয়েছেন যমুনা টেলিভিশনের স্টাফ রিপোর্টার নাজমুল সাঈদ। দুপুরে তেজগাঁওয়ে প্রতিষ্ঠানটির মাদক বিরোধী কার্যক্রমের ৩০ বছর পূর্তি উপলক্ষে তার হাতে ক্রেষ্ট, সনদ ও আর্থিক সম্মানার চেক তুলে দেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জান খান।

১৯৯০ সাল থেকে ২০২০ পর্যন্ত প্রিন্ট ও ইলেকট্রনিক গণমাধ্যমে প্রকাশিত মাদক বিরোধী ও সচেতনতামূলক রিপোর্ট আহ্বান করে ঢাকা আহ্ছানিয়া মিশন। এর মধ্যে যমুনা টেলিভিশনের স্টাফ রিপোর্টার নাজমুল সাঈদের দুটি বিষয়ের উপর মোট ছটি প্রতিবেদন বিচারকদের নজরকাড়ে এবং তাকে বিজয়ী হিসেবে নির্বাচিত করেন।

২০১৮ সালে দেশের মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের উত্থান, ভবিষ্যত অগ্রযাত্রা, সীমাবদ্ধতা ও নানা অনিয়ম নিয়ে বৈশাখী টেলিভিশনে চার পর্বের রিপোর্ট প্রচারিত হয়।

এরপরই যমুনা টেলিভিশনে চলে আসেন এ রিপোর্টার। এর পরে কাজ করেন মাদকাসক্ত চালকদের নিয়ে। তিনি অনুসন্ধান করে বের করেন চালকদের দুর্ঘটনার অন্যতম কারণ। তিনি তার প্রতিবেদনে দেখান, কিভাবে চালকরা মাদক গ্রহণ করে চালকের সিটে বসেন। এই রিপোর্ট দুটি ২০১৮ সালে প্রথম আলো মাদক বিরোধী সেরা প্রতিবেদন পুরস্কার অর্জন করেন।

প্রতিক্রিয়ায় নাজমুল সাঈদ বলেন, মাদক নিয়ন্ত্রণে গণমাধ্যমের বড় ধরণের ভুমিকা রয়েছে। তারই ধারাবাহিকতায় এসব মাদকবিরোধী প্রতিবেদন করা হয়েছিল। ভবিষ্যতে এ ধরণের প্রতিবেদন আরও করা হবে বলে জানান তিনি।

২০০৬ সালে সাংবাদিকতা শুরু করা নাজমুল সাঈদ দৈনিক আমাদের সময়, আমাদের অর্থনীতি, অনলাইন নিউজ পোর্টাল বাংলামেইল টোয়েন্টিফোর ডট কম, দ্য রিপোর্ট২৪ ডটকম, বৈশাখী টেলিভিশনে কাজ করেছেন। বর্তমানে তিনি যমুনা টেলিভিশনে ক্রাইম বিভাগে স্টাফ রিপোর্টার হিসেবে কর্মরত আছেন।

মেপ্র/আরপি

মেহেরপুরের বাবুপুর গ্রামে গ্রীন লাইফ ক্রিকেট টুর্ণামেন্টের উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের বাবুপুর গ্রামে গ্রীনলাইফ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

শনিবার বিকাল সাড়ে তিনটার সময় গ্রীন লাইফ ডায়াগনস্টিক সেন্টার এর উদ্যোগে এই টুর্নামেন্টের উদ্বোধন করেন মহাজনপুর ইউনিয়নের বাবুপুর গ্রামের ৯ নম্বর ওয়ার্ডের মেম্বার শহিদুল ইসলাম।

উপস্থিত ছিলেন স্থানীয় আওয়ামী লীগ নেতা আবদুল মান্নান, আসকার আলী, বাবুপুর টাইগার ক্লাবের ক্যাপ্টেন আজিজুল হক, গ্রীন লাইফ ডায়াগনস্টিক সেন্টার সহকারী পরিচালক জামাল উদ্দিন সহ অন্যান্যরা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গ্রীন লাইফ ডায়াগনস্টিক সেন্টারের পরিচালক আবু আক্তার করন। উদ্বোধনী খেলায় একদিকে অংশগ্রহণ করেন পিরোজপুর ক্রিকেট ক্লাব ও টঙ্গী গোপালপুর ক্রিকেট ক্লাব।

টসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেন পিরোজপুর ক্রিকেট ক্লাব। ১৫ ওভারে ১৯৪ রানের টার্গেট দেন টঙ্গী গোপালপুর কে।

পিরোজপুর ক্রিকেট ক্লাবের হয়ে লিয়ন শতক হাকান । জবাবে টঙ্গী গোপালপুর ১২ ওভারে সব উইকেট হারিয়ে ৭৩ রান সংগ্রহ করে।

পিরোজপুর ক্রিকেট ক্লাবের খেলোয়াড় লিওন ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন। খেলাটি পরিচালনা করেন রেজা ও রশিদ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে কোন যুবক আর বেকার থাকবে না- প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন

আমাদের মাননীয় প্রধান মন্ত্রী আমাকে বলেছেন আগামী তিন বছরের মধ্যে যখন মুজিবনগর স্মৃতি কমপ্লেক্সের ১ হাজার কোটি টাকার কাজ শেষ হয়ে যাবে তখন মেহেরপুরের কোন মানুষ কোন যুবক আর বেকার থাবকে না। কাজের কোন অভাব আমাদের থাকবে না।

ব্যাপক উন্নয়ন আমাদের সামনে। উপন্নয়নের অংশ হিসেবে ২০১৭ সালের মধ্যে মেহেরপুরে শতভাগ বিদ্যুতয়িত করেছি আপনারা জানেন। এখন ঘরে ঘরে বিদ্যুৎ রাস্তায় রাস্তায় স্ট্রিট লাইট। মেহেরপুর জেলা যুব মহিলালীগের কর্মি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জন প্রশাসন প্রতিমিন্ত্র ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

তিনি আরও বলেন, মেহেরপুরের দুই উপজেলায় প্রতিটি গ্রামের রাস্তা নতুন করে নির্মান করা হয়েছে। গ্রাম এখন শহরে পরিনত হয়েছে। ৬২ টি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন দৃষ্টিনদন্দ বিল্ডিং নির্মান করা হয়েছে। যে গুলো বাকি এই অর্থ বছরেই সেগুলো হয়ে যাবে ইনশাল্লাহ।

শনিবার বিকালে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এই কর্মি সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রিয় যুব মহিলালীগের সদস্য সৈয়দা মোনালিসা হোসেন।

সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা যুব মহিলালীগের সভাপতি সামিউন বশিরা পলি।

সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য দেন, মুজিবনগর উপজেলা মহিলালীগের সভানেত্রী গুলসানারা রুনু, সাধারণ সম্পাদিক তহমিনা খাতুন, পৌর যুব মহিলালীগের সভানেত্রী রোকসানা কামাল রুনু, সদর থানা যুব মহিলালীগের সাধারণ সম্পাদিকা রোজিনা, জেলা যুব মহিলালীগের সাংগঠনিক সম্পাদক তাসলিমা সাদেক, সদর মহিলা ভাইস চেয়ারম্যান

লতিফুন নেছা লতা।

সঞ্চালনায় ছিলেন, জেলা যুব মহিলালীগের সাধারণ সম্পাদিকা অ্যাড. রুতশোভা মন্ডল।

মেপ্র/এমএমআর

গাংনীতে হেরোইনসহ আটক ১

গাংনীতে ৫গ্রাম হেরোইনসহ বিদ্যুৎনামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ৷

শুক্রবার দিনগত রাত ১ টার দিকে গাংনীর কাজীপুর গ্রাম থেকে তাকে আটক করা হয় ।

আটক বিদ্যুৎ কাজীপুর হাজিপাড়ার মৃত আজিজ এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন৷

এ বিষয়ে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে৷

মেপ্র / এমএফআর

গাংনীতে এসএসসি পরীক্ষার্থীর আত্নহত্যা

মেহেরপুরের গাংনীতে পারিবারিক কলহের জেরে লাকী খাতুন নামের এক এসএসসি পরীক্ষার্থী গলায় ফাঁস নিয়ে আত্নহত্যা করেছে। লাকী খাতুন গাংনী উপজেলার আমতৈল গ্রামের লুকমান হোসেনের মেয়ে ও আমতৈল মাধ্যমিক বিদ্যালয় থেকে এবছর অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার্থী।

শুক্রবার দিবাগত রাতের কোন এক সময় নিজ ঘরের আড়ার সাথে গলায় ফাঁস নিয়ে আত্নহত্যার ঘটনা ঘটে।

পুলিশ স্থানীয়রা জানায়, লাকী খাতুন পড়া লেখা সংক্রান্ত বিষয় নিয়ে পরিবারের লোকজনের সাথে বাক বিতন্ডা করে নিজ ঘরে শুয়ে ছিলেন। সকালে ঘুম থেকে উঠতে দেরি দেখে বাড়ির লোকজন ঘরে ঢুকে লাকী খাতুনের ঝুলন্ত লাশ দেখতে পায়। পরে পুলিশকে খরব দিলে গাংনী থানা পুলিশ লাশ উদ্ধার করে।

গাংনী থানার ভারপ্রপ্তি কর্মকর্তা ওবাইদুর রহমান জানান, আত্নহত্যার বিষয়ে খোঁজ খবর নেয়া হচ্ছে। এব্যাপারে একটি অপমৃত্যু মামলা হয়েছে।

গাংনীতে চলন্ত বাস থেকে পড়ে কলেজ ছাত্র আহত

মেহেরপুরের গাংনীতে কলেজে যাওয়ার সময় বাস থেকে ছিটকে পড়ে সানি নামের এক কলেজ ছাত্র মারাত্নকভাবে আহত হয়েছে। আজ শনিবার সকাল ১০ টার দিকে উপজেলার তেরাইল কলেজ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

আহত সানি (১৮) গাংনী উপজেলার কামারখালি গ্রামের সেলিম হোসেনের ছেলে এবং গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের একাদশ শ্রেনীর বিএম শাখার প্রথম বর্ষের ছাত্র।

স্থানীয় সূত্রে জানা গেছে, বাসের উপরে হেল্পার ও ছাত্রের মধ্যে কথাকাটাকাটি হচ্ছিল। হঠাৎ ছেলেটি বাস থেকে পড়ে গাছের সাথে ধাক্কা লেগে মারাত্মকভাবে আহত হয়। সানি কে আহত অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। বর্তমানে সে চিকিৎসাধীন অবস্থায় রয়েছেন।

প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীর সহপাঠি লিখন ও শিশির জানায় প্রতিদিনের ন্যায় সকাল ১০ টার সময় আমরা বাড়ি থেকে বের হয় কলেজে

যাচ্ছিলাম। এসময় বাসের মধ্যে যাত্রীদের ভিড়ে ধাক্কাধাক্কীর এক পর্যায়ে চলন্ত বাস থেকে সানি ছিটকে নিচে পড়ে গেলে একটি গাছের সাথে ধাক্কা লেগে মারাত্বক আহত হয়।

স্থানীয়রা সানি কে উদ্ধার করে গাংনী হাসপাতালে ভর্তি করেন। স্থানীয়রা জানায় কুষ্টিয়া থেকে মেহেরপুর গামী কুষ্টিয়া -ব-১১-১৫৭ নম্বরের একটি যাত্রীবাহি বাস ধারণক্ষমতার অধিক যাত্রী বোঝাই করে মেহেরপুরে যাচ্ছিল। বাসটি তেরাইল কলেজ এলাকায় পৌছুলে একটি ট্রাককে সাইড দিতে গেলে এ দুর্ঘটনার শিকার হয় সানি।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবায়দুর রহমান জানান সড়ক দুর্ঘটনার সংবাদ পেয়েছি গাংনী থানা পুলিশের একটি টহল দল সেখানে পাঠানো হয়েছে।